

## ইস্ট ওয়েস্টের গবেষণা কোর্সের সমাপ্তি

সার্ক ডকুমেন্টেশন সেন্টারের সহযোগিতায় ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের আয়োজনে গবেষণা পদ্ধতির ওপর ১০ দিনের কোর্স শেষ হলো ২৫ সেপ্টেম্বর। সার্কভুক্ত আটটি দেশের গবেষক, শিক্ষক, এমফিল এবং পিএইচডি শিক্ষার্থীদের সমন্বয়ে ২৬ জন গবেষক এতে অংশ নেন। কোর্স শেষে সমাপনী অনুষ্ঠানের মাধ্যমে অংশগ্রহণকারী গবেষকদের মাঝে সনদ বিতরণ করা হয়। এতে প্রধান অতিথি ছিলেন সরকারের অর্থ ও পরিকল্পনা প্রতিমন্ত্রী এমএ মান্নান। ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান, বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর মোহাম্মদ ফরাস উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক আহমদ শফি এবং সার্ক ডকুমেন্টেশন সেন্টারের উপপরিচালক কেসাং ডিচেন।